



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029


স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২০১৬

তারিখঃ ১১/৯/২০১৪ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারপ্রাপ্ত নারীর ক্ষমতায়ন, পল্লী উন্নয়ন ও দরিদ্র বিমোচন প্রকল্প। অত্র দপ্তরের স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪-২০১৩-১৫৭২ তারিখঃ ২৫/৫/২০১৪ খ্রিস্টাব্দ মূলে প্রকল্পভুক্ত সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় ও ঋণ কার্যক্রমের ব্যক্তি ওয়ারী তথ্য সমিতি পর্যায়ে সংরক্ষনের পাশাপাশি উপজেলা দপ্তরে প্রত্যেক সমিতির নামে পৃথক খতিয়ান/রেজিস্টারে সংরক্ষণ, সমিতি ও উপজেলা পর্যায়ের সকল খাতাপত্র হালনাগাদ রাখা এবং সময়ে সময়ে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কর্তৃক সদস্য পাশবহি, সাপ্তাহিক আদায়সীট ও হিসাব সংক্রান্ত খাতাপত্র যাচাই করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু গভীর উদ্বিগ্নতার সহিত লক্ষ করা যাচ্ছে যে, কোন কোন উপজেলায় বর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না। যার ফলশ্রুতিতে প্রকল্পের ঋণ কার্যক্রমে অনাকাঙ্ক্ষিত জটিলতা সৃষ্টির আশঙ্কা দেখা দিচ্ছে। এমতাবস্থায়, প্রকল্পের ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নে প্রকল্পভুক্ত প্রত্যেক উপজেলায় সদস্যদের পাশ বহি ও সাপ্তাহিক আদায়সীটসহ সমিতি পর্যায়ে হিসাবের সকল খাতাপত্র নিয়মিত হালনাগাদ রাখতে এবং মাঠ সংগঠক কর্তৃক দাখিলকৃত সাপ্তাহিক আদায়সীটের আলোকে প্রকল্পের হিসাব সহকারী কর্তৃক সমিতির নামে পৃথক খতিয়ান/রেজিস্টারে ঋণ কার্যক্রমের ব্যক্তি ওয়ারী তথ্য (সঞ্চয় জমা, ঋণ বিতরণ, ঋণের কিস্তি আদায় ইত্যাদি) আবশ্যিক ভাবে সংরক্ষণ করতে পূরণায় বলা হলো। সেই সাথে সমিতি পরিদর্শনকালে সদস্য পাশবহি, সাপ্তাহিক আদায়সীট, সমিতির খাতাপত্র এবং উপজেলা দপ্তরে রক্ষিত সদস্যওয়ারী তথ্য সমন্বিত খতিয়ান/রেজিস্টার মিলিয়ে দেখতে এবং পরিলক্ষিত অনিয়ম (যদি থাকে) তাৎক্ষণিক ভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করতে পরামর্শ দেয়া হলো।

এ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন না করার কারণে কোন উপজেলায় আর্থিক অনিয়ম, আত্মসাত বা অনাকাঙ্ক্ষিত জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্টের বিরুদ্ধে প্রয়োজনীয় কঠোর প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি,.....জেলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,..... উপজেলা,.....জেলা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো),..... উপজেলা,.....জেলা।
৫. মাঠ সংগঠক (ইরেসপো),..... উপজেলা,.....জেলা।
৬. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি।